গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www.mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০২৫.১২(অংশ-৪)- ৫৩৫

২০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ ২৫ জুলাই ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের ১০-০৬-২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৩২১.১৬.০০২.১৯-৬৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে প্রতিবেদনের **Hard copy (দুই সেট)** এবং প্রতিবেদনের **soft copy** report_sec@cabinet.gov.bd, ds_report@cabinet.gov.bd এবং asad15664@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হয়েছে।

সংযুক্তিঃ১। প্রতিবেদনের Hard copy (দুই সেট)।
২। প্রতিবেদনের **Soft copy**
৩। গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবি - ০২ (দুই) টি।

২৫/০৭/১৯

(মোঃ ছিদ্দিকুর রহমান)
উপসচিব
তারালাপনঃ ৯৫৪৯৬৯৪

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (রিপোর্ট অধিশাখা)।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্তে)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিবের অবগতির জন্য)।
৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

জারী করা হইল
তারিখঃ
গ্রহণ ও বিতরণ শাখা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ-বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন

সংলাগ-ক

## নির্বাহী সার-সংক্ষেপের জন্য তথ্য

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরে জিওবি ও বৈদেশিক সহায়তায় ৬২টি এবং স্ব-অর্থায়নে ৫৫টি অর্থাৎ মোট ১১৭ টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। ৬২ টি জিওবি/বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪৩৪৭.৩৪ কোটি টাকা। উক্ত ৬২ টি প্রকল্পের অনুকূলে মোট ব্যয় ৪৩৩০.০৩ কোটি টাকা, যা জিওবি/বৈদেশিক সাহায্যপুষ্ট বরাদ্দের ৯৯.৬০%। ৫৫টি স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পসূহের অনুকূলে মোট বরাদ্দ ১৫৮৪.৬৭ কোটি টাকা। ব্যয় হয়েছে ১৬৬৯.২৩ কোটি টাকা; যা স্ব-অর্থায়নপুষ্ট বরাদ্দের ১০৫.৩৪%। জিওবি/বৈদেশিক সহায়তা এবং স্ব-অর্থায়নপুষ্ট মোট ১১৭টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৫৯৩২.০১ কোটি টাকা এবং ব্যয় ৫৯৯৯.২৬ কোটি টাকা। জিওবি/বৈদেশিক সহায়তা এবং স্ব-অর্থায়নভুক্ত প্রকল্পসমূহ মিলিয়ে মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০১.১৩%।

২৪/০৭/১৯

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/ সংস্থার সংখ্যাঃ ১২টি

প্রতিবেদনাধীন বছরঃ ২০১৮-২০১৯

প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ২১ জুলাই ২০১৯

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট) :

| সংস্থার নাম | অনুমোদিত পদ* | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ১৩১ | ৯৯ | ৩২ | - | |
| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহ সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১২টি | ১২,৬৭৪ | ৯,৪৬৪ | ৩,২১০ | ২,৮৯৭ | |
| মোট | ১২,৮০৫ | ৯,৫৬৩ | ৩,২৪২ | ২,৮৯৭ | |

১.২ শূণ্য পদের বিন্যাসঃ

| যুগ্ম সচিব/ তদূর্দ্ধ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| - | ৩ | ৫০৬ | ৬৫৫ | ১৪৫৭ | ৬১৯ | ৩,২৪২ | |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকাঃ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষঃ

১। সদস্য -০২
২। পরিচালক - ০১
৩। প্রোগ্রামার -০১
৪। সহকারী প্রোগ্রামার -০১

১.৪ শূণ্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ

স্থাপত্য অধিদপ্তর — গত ০২ মে ২০১৯ তারিখে স্থাপত্য অধিদপ্তরের নতুন নিয়োগ বিধি গেজেট আকারে প্রকাশিত হয়েছে। অদ্যাবধি অর্গানোগ্রাম অনুমোদন না হওয়ায় শূন্য পদগুলো পূরণ করা সম্ভব হচ্ছে না।

রাউক — রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চীফ টাউন প্ল্যানার পদটি অনেক পূর্বেই অনুমোদন পাওয়া যায় । কিন্তু নিয়োগ বিধিতে পদটি উল্লেখ না থাকায় নিয়োগ প্রদান করা হয়নি।পরবর্তীতে উক্ত পদের নিয়োগ বিধি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। নিয়োগবিধি অনুমোদিত হলে উক্ত পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হবে।

১.৫ অন্যান্য পদের তথ্যঃ

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদানঃ

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| - | - | - | ২ | ৩৩ | ৩৫ | প্রতিবেদনাধীন বছরে এ মন্ত্রণালয়ে ০২ জন কর্মকর্তা ও ৩৩ জন কর্মচারীকে নতুন নিয়োগ প্রদান করা হয়েছে। |
| ২২৪ | - | ২২৪ | ১৩২ | ১২৫ | ২৫৭ | প্রতিবেদনাধীন বছরে গণপূর্ত অধিদপ্তরের ২২৪ জন কর্মকর্তা-কে পদোন্নতি এবং ১৩২ জন কর্মকর্তা ও ১২৫ জন কর্মচারীকে নতুন নিয়োগ প্রদান করা হয়েছে। |
| ০৭ | ১১ | ১৮ | ১০ | - | ১০ | প্রতিবেদনাধীন বছরে স্থাপত্য অধিদপ্তরে ০৭ জন কর্মকর্তা ও ১১ জন কর্মচারীকে পদোন্নতি এবং ১০ জন কর্মকর্তাকে নতুন নিয়োগ প্রদান করা হয়েছে। |
| ১৫ | - | ১৫ | - | - | - | প্রতিবেদনাধীন বছরে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ১৫ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। |
| ২৪ | ১৪ | ৩৮ | - | - | - | প্রতিবেদনাধীন বছরে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ২৪ জন কর্মকর্তা ও ১৪ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। |
| - | - | - | - | ২৬ | ২৬ | প্রতিবেদনাধীন বছরে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ২৬ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। |
| ১২ | ০৩ | ১৫ | ২০ | ২৫ | ৪৫ | প্রতিবেদনাধীন বছরে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউন এর ১২ জন কর্মকর্তা ও ০৩ জন কর্মচারীকে পদোন্নতি এবং ২০ জন কর্মকর্তা ও ২৫ জন কর্মচারীকে নতুন নিয়োগ প্রদান করা হয়েছে। |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) :

| ভ্রমণ/ পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৮২ | - | ৪৩ | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |
| মোট | ৮২ | - | ৪৩ | |

১.৮ ভ্রমণ/ পরিদর্শন (বিদেশে):

| ভ্রমণ/ পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ১৯ | | ০৩ | |
| মোট | ১৯ | | ০৩ | |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ প্রতিবেদনাধীন বছরের ২৭-৩১ মে ২০১৯ তারিখ কেনিয়ার রাজধানী নাইরোবিতে অনুষ্ঠিত 1st UN Habital Assembly শীর্ষক সম্মেলনে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১৩ সদস্যের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেছেন। এ বিষয়ে সার-সংক্ষেপ ০৯ জুন ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২) অডিট আপত্তি:

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮-৩০ জুন ২০১৯ পর্যন্ত):

(টাকার অংক কোটি টাকায় প্রদান করতে হবে)

| মন্ত্রণালয়/সংস্থার নাম | অডিট আপত্তি | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| গণপূর্ত অধিদপ্তর | ১০৬৮২ | ৯৮৮৯.৪৯ | ৭৫২ | ২৬৭ | ৯২৮.৭৫ | ১০৪১৫ | ৮৯৬০.৭৪ |
| স্থাপত্য অধিদপ্তর | ১২ | ১.৩২ | - | ০১ | ০.০৩ | ১১ | ১.২৯ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১২১২ | ৩৯৬৫.৬৮ | - | ৬৬৩ | ১০১৫.৬৬ | ৫৪৯ | ২৯৫০.০২ |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ৫ | ২.৮৩ | - | ০২ | ১.২৩ | ০৩ | ১.৬০ |
| সরকারি আবাসন পরিদপ্তর | ৩৮৯ | ৪১.৫৯ | ০৯ | ০৬ | ০.১২ | ৩৮৩ | ৪১.৪৭ |
| এইচ,বি,আর,আই | ২০৭ | ২.০৯ | - | - | - | ২০৭ | ২.০৯ |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১১৫১ | ১১০৮০.২৫ | ১৬৯ | ১১ | ৮১৬.৬৪ | ১১৪০ | ১০২৬৩.৬১ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ২৭৫ | ৫২৯.৪০ | ৩৫ | ০৬ | ১২.৬৭ | ২৬৯ | ৫১৬.৭৩ |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ১৪৩ | ১৩৬.৩৩ | ২৭ | ১৭ | ৮.১৫ | ১২৬ | ১২৮.১৮ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৮১ | ৯৯.৫৮ | - | ০৯ | ৬.২৪ | ১৭২ | ৯৩.৩৪ |
| মোট | ১৪২৫৭ | ২৫৭৪৮.৫৬ | ৯৯২ | ৯৮২ | ২৭৮৯.৪৯ | ১৩২৭৫ | ২২৯৫৯.০৭ |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | ১১৯০২ | ১২৯৯.৫৭ | ১৯৬১ | ১৩১৭ | ৬৬৫.৩৯ | ১০৫৮৫ | ৬৩৪.১৮ |
| সর্বমোট | ২৬১৫৯ | ২৭০৪৮.১৩ | ২৯৫৩ | ২২৯৯ | ৩৪৫৪.৮৮ | ২৩৮৬০ | ২৩৫৯৩.২৫ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোনো জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেস সমূহের তালিকাঃ

**রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষঃ** রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বরখাস্তকৃত ক্যাশিয়ার জনাব এখলাছ উদ্দিন-৭,৬৩,০৫,০০০/- (সাত কোটি তেষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকা আত্মসাৎ করেন। আত্মসাতের বিষয়টি রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাগণ উদঘাটন করেন। ফলে উক্ত ক্যাশিয়ারের বিরুদ্ধে দুর্নীতি দমন আইনে ৩/২০১৩ নং মামলা রুজু করা হয় এবং অর্থ আদায়ে ১৪/২০১৩ নং মানিস্যুট মামলা দায়ের করা হয়। ইতোমধ্যে জনাব এখলাছ উদ্দিন মৃত্যু বরণ করেছেন। বর্তমানে মামলা দুইটি তার ওয়ারিশদের বিরুদ্ধে বিজ্ঞ জজ আদালতে বিচারাধীন রয়েছে।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা :

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০১৮-২০১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহ পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুত/ বরখাস্থ | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ৫০ | - | ০২ | - | ০২ | ৪৮ |
| গণপূর্ত অধিদপ্তর | ৫৫ | | ৪ | ৪ | ৮ | ৪৭ |
| স্থাপত্য অধিদপ্তর | ০৫ | - | - | - | - | ০৫ |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৩ | - | - | - | - | ২৩ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১০ | ০১ | - | - | ০১ | ০৯ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ০৩ | ০১ | ০১ | - | ০২ | ০১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ০২ | - | - | ০২ | ০২ | - |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৩ | ০১ | ০১ | - | ০২ | ০১ |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | - | - | - |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ০২ | - | - | | - | ০২ |
| এইচবিআরআই | - | - | - | - | - | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | ০৫ | - | ০১ | - | ১ | ০৪ |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | - | - | - | - | - | - |
| মোট | ১৫৮ | ৩ | ৯ | ৬ | ১৮ | ১৪০ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| দপ্তর/সংস্থা | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/ আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ২২ | ৩২৬ | ১ | ৩২৭ | ০১ |
| গণপূর্ত অধিদপ্তর | ১৯ | ২৫ | ১ | ৪৪ | ২৭ |
| স্থাপত্য অধিদপ্তর | - | - | - | - | - |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | ৩৮৫ | - | ৩৮৫ | ১১ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১১ | ৩৬ | ০৮ | ১০৫ | ২২ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১৯ | ১১ | ৩৭ | ৬৭ | ৪৮ |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ০৭ | ০১ | ০২ | ১০ | ১২ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৫ | ২১ | ০২ | ২৮ | ০৮ |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | ৩২ | - | ৩২ | ০১ |
| নগর উন্নয়ন অধিদপ্তর | - | - | - | - | - |
| এইচবিআরআই | - | - | - | - | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | ১০ | ১০ | - | - | ০১ |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | - | - | - | - | - |
| মোট | ৯৩ | ৮৪৭ | ৫১ | ৯৯৮ | ১৩১ |

(৫) মানবসম্পদ উন্নয়নঃ

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| দপ্তর/সংস্থা | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ৮টি | ১৭৫ জন |
| গণপূর্ত অধিদপ্তর | ৬৪ টি | ১৮৯৯ জন |
| স্থাপত্য অধিদপ্তর | ০৮ টি | ০৯ জন |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৬ টি | ৩৯৯ জন |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ০৭ টি | ৮৯ জন |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ০৩টি | ৫৭ জন |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ৮ টি | ৮ জন |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৬ টি | ০৯ জন |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ০১ টি | ১০ জন |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ১৫ টি | ১০৪ জন |
| এইচবিআরআই | ২৫ টি | ৩০০ জন |
| সরকারি আবাসন পরিদপ্তর | ১৯ টি | ১২৭ জন |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | ০৬ টি | ১৭২ জন |
| মোট | **১৬৮টি** | **৩১৮৩ জন** |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে (০১ জুলাই ২০১৮- ৩০ জুন ২০১৯ পর্যন্ত) কোন ইন হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: -

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ঃ** ইন-হাউজ প্রশিক্ষণে ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইল, অফিস ব্যবস্থাপনা, SDG11, অফিস ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**স্থাপত্য অধিদপ্তরঃ**

ক) গত ১১ অক্টোবর ২০১৮ তারিখে CHARU CERAMIC কর্তৃক আয়োজিত স্থাপত্য অধিদপ্তরের স্থপতিদের সমন্বয়ে একটি প্রেজেন্টেশন অনুষ্ঠান দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

খ) গত ২৩ অক্টোবর ২০১৮ তারিখে দপ্তরের ২৯জন সহকারী স্থপতিদের সমন্বয়ে সেবামূলক আচরণ বিধি ও বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত এবং উন্নয়ন প্রকল্প বিষয়ক কর্ম সম্পাদনে সরকারী প্রশাসনিক ও দাপ্তরিক পদক্ষেপসমূহের পর্যায়ক্রম ও স্তর সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গ) গত ২৫ অক্টোবর ২০১৮ তারিখে শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ এর উদ্যোগে দপ্তরের সকল স্থপতিদের সমন্বয়ে পণ্য ও প্রযুক্তি পরিচিতিকরণ বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

ঘ) গত ১লা নভেম্বর ২০১৮ তারিখে দপ্তরের ২৯জন সহকারী স্থপতিদের সমন্বয়ে সেবামূলক আচরণ বিধি ও বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত, উন্নয়ন প্রকল্প বিষয়ক কর্ম সম্পাদনে সরকারী প্রশাসনিক ও দাপ্তরিক পদক্ষেপসমূহের পর্যায়ক্রম ও স্তর সংক্রান্ত এবং স্থাপত্য নকশা প্রণয়নে "বাংলাদেশ ইমারত নির্মাণ বিধিমালা" এর প্রয়োগের বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

ঙ) গত ১৪ই নভেম্বর ২০১৮ তারিখে দপ্তরের উপ-প্রধান স্থপতি, সহকারী প্রধান স্থপতি এবং সহকারী স্থপতিদের সমন্বয়ে Fire Safety Study সংক্রান্ত একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

চ) গত ১২ ও ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে দপ্তরের সকল কর্মকর্তাদের সমন্বয়ে Training of Office Management বিষয়ে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

ছ) গত ৬ ও ৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে ই-ফাইলিং সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

জ) দপ্তরের সকল কর্মকর্তাদের সমন্বয়ে ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা-২০০৮, ই-নথি সংক্রান্ত সম্যক ধারণা প্রদান এবং ই-টেন্টার সংক্রান্ত বিষয়ে গত মে ২০১৯ মাসে কয়েকদিন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

ঝ) দপ্তরের সকল কর্মকর্তাদের সমন্বয়ে ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা-২০০৮, ই-নথি সংক্রান্ত সম্যক ধারণা প্রদান এবং ই-টেন্টার সংক্রান্ত বিষয়ে গত জুন ২০১৯ মাসে কয়েকদিন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষঃ** রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর ৬০ ঘন্টার অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ০৯-১৫ গ্রেডের ১৫৪জন কর্মকর্তা ও কর্মচারীকে ১৫ (পনের) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**খুলনা উন্নয়ন কর্তৃপক্ষঃ** খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ০৬/০৭/২০১৮ ও ০৭/০৭/২০১৮ তারিখ ২দিনব্যাপী কর্তৃপক্ষের ৩৮ জন কর্মকর্তা/ কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩১ মার্চ,২০১৯ তারিখ ১৮ জন এবং ২৫-২৬ জুন, ২০১৯ তারিখ ২০ জন সর্বমোট ৩৮ জনকে "শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষঃ** ১। "শুদ্ধাচার কৌশল/নৈতিকতা", ২। "সরকাররি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯" ৩। " ই-ফাইলিং এর পলিসি গাইডলাইনস ও সংক্ষিপ্ত প্রেজেন্টেশন, ই-ফাইল (নথি) সিস্টেম পরিচিতি, বাংলা কম্পিউটিং-এ ইউনিকোডের ব্যবহার" ৪। "নিয়মিত উপস্থিতি বিধিমালা, ১৯৮২" ৫। "ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন ওয়েব পোর্টাল " ৬। "পি পি আর ২০০৮ (সংশোধনী ২০০৯)" ।

**কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষঃ** কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক গত ২৮-২৯ জানুয়ারী ২০১৯ তারিখ ০২ (দুই) দিন ব্যাপী অত্র দপ্তরের ১০ (দশ) জন কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**সরকারি আবাসন পরিদপ্তরঃ**

১) কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।

২) জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ।

**নগর উন্নয়ন অধিদপ্তরঃ**

| প্রশিক্ষনের নাম | তারিখ | দিন | সংখ্যা |
|---|---|---|---|
| ই-নথি (এডভান্সড) | ১৮-০২-২০১৯ ও ১৯-০২-২০১৯ | ০২ | (২৫+২৬)= ৫১ জন |
| নথি ব্যবস্থাপনা | ১১-০২-২০১৯ | ০১ | = ০৮ জন |
| | | সর্বমোট = | = ৫৯ জন |

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ

**স্থাপত্য অধিদপ্তরঃ** Training Fund - এ বরাদ্দ পর্যাপ্ত নয়।

**কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষঃ** অদ্যাবধি জনবল নিয়োগ না হওয়ায় প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারী মনোনয়নে সমস্যা সৃষ্টি হচ্ছে।

৫.৪ মন্ত্রণালয়ে অন দ্যা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; থাকলে অন দ্যা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: অন দ্যা জব ট্রেনিং-এর ব্যবস্থা আছে ।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮- ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ২০৫ জন ।

(ক) গণপূর্ত অধিদপ্তর- ১৬৯ জন; (খ) স্থাপত্য অধিদপ্তর-০৪ জন; (গ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-০১ জন; (ঘ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ-০৮ জন; (ঙ) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ০৩ জন; (চ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ-০৭ জন; (ছ) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ- ০৬ জন; (জ) সরকারি আবাসন পরিদপ্তন-০৫ জন; (ঝ) নগর উন্নয়ন অধিদপ্তর-০২ জন।

(৬) সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| দেশের অভ্যন্তরে সেমিনার/ ওয়ার্কশপের সংখ্যা | | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ৬টি | ২১০জন |
| স্থাপত্য অধিদপ্তর | ০৫ টি | ১৮৭ জন |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৫ টি | ২৬ জন |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | নেই | নেই |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | নেই | নেই |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ০৭ টি | ১৩ জন |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ০৫ টি | ৩৫০ জন |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ০৮ টি | ৮০২ জন |
| এইচবিআরআই | ১০ টি | ২৫০ জন |
| সরকারি আবাসন পরিদপ্তর | ০৪ টি | ১১ জন |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | - | - |
| মোট | **৫৪ টি** | **১,৬৩৯ জন** |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN ) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারী |
| (ক) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ৮০ টি | আছে | আছে | নেই | ৩৮ | ৪২ |
| (খ) গণপূর্ত অধিদপ্তর | ৫৫০ টি | আছে | আছে | আছে | - | - |
| (গ) স্থাপত্য অধিদপ্তর | ১৪০ টি | আছে | নেই | আছে | ৬৫ | ৭৫ |
| (ঘ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৪৫ টি | আছে | আছে | আছে | - | - |
| (ঙ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১৬৩ টি | আছে | আছে | আছে | ৭০ | ১৩০ |
| (চ) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১১০ টি | আছে | আছে | আছে | ১২ | ২০ |
| (ছ) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ৬০ টি | আছে | আছে | নেই | ২২ | ১১১ |
| (জ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৯ টি | আছে | নেই | আছে | ১৭ | ২৭ |
| (ঝ) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ২১ টি | আছে | আছে | নেই | ০৮ | - |
| (ঞ) নগর উন্নয়ন অধিদপ্তর | ৬৩ টি | আছে | আছে | নেই | ৩৫ | ৮২ |
| (ট) এইচ,বি,আর,আই | ৪৬ টি | আছে | নেই | নেই | ২০ | ১৬ |
| (ঠ) সরকারি আবাসন পরিদপ্তর | ৪৭ টি | আছে | আছে | নেই | ১২ | ৪০ |
| (ড) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | ০৫ টি | আছে | নেই | নেই | ০৯ | ২৪ |

(৯) প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা সংকটঃ

৯.১ প্রতিবেদনাধীন বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:

| | |
|---|---|
| স্থাপত্য অধিদপ্তর | বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC) প্রণয়নের সংগে স্থাপত্য অধিদপ্তর সংশ্লিষ্ট |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৬১ সংশোধন, পরিমার্জন এবং সময়োপযোগী করে বাংলা ভাষায় খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ অনুমোদিত হয়েছে এবং সে অনুযায়ী কার্যক্রম চলছে। |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের জনবল নিয়োগের প্রবিধান গত ২৯ নভেম্বর ২০১৮ তারিখ এসআরও নং- ৩৩৪ নং মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। |
| এইচবিআরআই | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৮, ১৪ নভেম্বর ২০১৮। |

৯.২ প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডঃ

১) **আবাসন সমস্যা সমাধানে প্লট উন্নয়ন ও ফ্ল্যাট নির্মাণ:**

- ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ০৩টি ২০ তলা ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প, ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ১০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৭৩৬টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪১৬টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে সরকারি কর্মকর্তাদের জন্য ১৫৩টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে ০৭(সাত) টি জরাজীর্ণ ভবনের স্থলে ১৩০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ এবং বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পে ক্ষতিগ্রস্ত ভবন মালিকদের পুনর্বাসন ও বিক্রয়ের লক্ষ্যে এ্যাপার্টমেন্ট নির্মাণ শীর্ষক প্রকল্প-মোট ০৭টি প্রকল্পের আওতায় ১৬৭১টি ফ্ল্যাট গত ১৫/০৭/২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন করা হয়েছে।

- এছাড়া গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় সরকারি আবাসন সংক্রান্ত চলমান ১৬টি প্রকল্পের আওতায় ৬৩৫০টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলমান রয়েছে এবং অনুমোদনের জন্য প্রক্রিয়া/পরিকল্পনাধীন আরও ১৩টি প্রকল্পের আওতায় ১০৬৭৪টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রাখা হয়েছে।

- সরকারি আবাসন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত ও অবৈধ দখলে থাকা সরকারি পরিত্যক্ত সম্পত্তিকে অগ্রাধিকার দেয়া হয়েছে। ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরীর গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরসহ বিভিন্ন এলাকার ২০টি পরিত্যক্ত বাড়ীতে ০১টি প্রকল্পের আওতায় ৩৯৮টি ফ্ল্যাট এবং চট্টগ্রাম মহানগরীতে ০২টি প্রকল্পের আওতায় মোট ৫১টি পরিত্যক্ত বাড়ীতে মোট ১৮২৪টি ফ্ল্যাট ও ৬৪টি ডরমেটরি নির্মাণ কাজ চলমান রয়েছে। ঢাকা মহানগরীর পরিত্যক্ত বাড়ীতে এ মন্ত্রণালয়ের আওতাধীন স্বায়ত্বশাসিত সংস্থা রাজউক ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ০২টি প্রকল্পের আওতায় মোট ১৫টি পরিত্যক্ত বাড়ী অধিগ্রহণপূর্বক ৩১৭টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে, যার মধ্যে বিক্রয়যোগ্য ফ্ল্যাট ২৫৫টি এবং সরকারি আবাসনের জন্য ৬২টি ফ্ল্যাটের সংস্থান রয়েছে। অন্যদিকে, দেশের ৬৪টি জেলা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মোট ২৮১৬টি ডরমেটরি কক্ষ নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

- স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বের ১৮ নম্বর সেক্টরে এপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১৪.৪৪ একর জমিতে 'এ' ব্লকে ৬৬৩৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে এবং ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ০১/১১/২০১৮ তারিখে শুভ উদ্বোধন করা হয়েছে।

- ঢাকা মহানগরীতে অস্বাস্থ্যকর ও ঝুঁকিপূর্ণ পরিবেশে বস্তিতে বসবাসকারী ভাসমান ও ছিন্নমূল মানুষের জন্য স্বাস্থ্যকর আবাসনের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে ভাড়া ভিত্তিক (দৈনিক/মাসিক) **"মিরপুরস্থ সেকশন-১১ এ বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক ৫৩৩টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ"** শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং আরও ২টি প্রকল্পের আওতায় ১০,৫৩০টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বারনই আবাসিক এলাকা উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ২০৬টি প্লট উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে।

২) **<u>যানজট নিরসনে অবকাঠামো উন্নয়ন:</u>**

- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক "মুরাদপুর, ২নং গেইট ও জিইসি জংশনে ফ্লাইওভার নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ৬.২ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভারের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ১৫.২০ কিলোমিটার দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড ও ৬.০০ কিলোমিটার দীর্ঘ লুপ রোড নির্মাণ কাজ চলমান রয়েছে।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসনে লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত ১৬.৫০ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ চলমান রয়েছে।
- খুলনা শিপইয়ার্ড রাস্তা প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের আওতায় ২.২৫ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ কাজ সমাপ্ত হয়েছে। নাটোর রোড (রুয়েট) থেকে বাইপাস রোড পর্যন্ত রাস্তা নির্মাণ প্রকল্পের আওতায় ০৪ লেন বিশিষ্ট ৫.০০ কিলোমিটার রাস্তার প্রশস্তকরণ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।

৩) **<u>সৌন্দর্যবর্ধন, জলাবদ্ধতা নিরসন ও পয়ঃনিস্কাশন:</u>**

- কুড়িল-পূর্বাচল লিংকরোডের উভয় পার্শ্বে কুড়িল থেকে বালুনদী পর্যন্ত ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিকুঞ্জ, বারিধারা, জোয়ারসাহারা, ডিওএইচএস, সেনানিবাস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কালাচাঁদপুর ও সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনসহ ঢাকা মহানগরীর Water body and Land ratio ঠিক রেখে পানি সংরক্ষণ ও গ্রাউন্ডওয়াটার রিচার্জিং ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে ১৩.২ কি.মি. লেক খনন প্রায় সম্পন্ন। ০.৭৪৮ কিলোমিটার নিকুঞ্জ লেক খনন কাজ প্রায় সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় ৪.১০ কি.মি. এডি-৮ খাল এবং ৫.০২ কি.মি বোয়ালিয়া খাল খনন কাজ চলমান।

- রাজউক কর্তৃক রাজধানীর জলাবদ্ধতা নিরসন ও সৌন্দর্যবর্ধনের জন্য গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন এবং উত্তরা লেক উন্নয়ন প্রকল্পের কাজ চলমান। 'গুলশান-বনানী-বারিধারা-লেক উন্নয়ন' শীর্ষক প্রকল্পে ১.০০ কিমি লেক খনন ও ২.০০ কিলোমিটার স্লোপ প্রটেকশনের কাজ সম্পন্ন করা হয়েছে। অন্যদিকে, 'উত্তরা লেক উন্নয়ন' শীর্ষক প্রকল্পে ০.৫ কিমি লেক খনন ও ১.০০ কিলোমিটার স্লোপ প্রটেকশনের কাজ সম্পন্ন করা হয়েছে।

- চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা দূরীকরণের জন্য চউক কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন:খনন,সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক কাজ চলমান রয়েছে।চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে ১৩ টি খাল পুন:খনন ও সম্প্রসারণ কাজ চলমান এবং ২৩টি খাল পুন:খনন ও সম্প্রসারণের উদ্যোগ নেয়া হয়েছে।

পাতা-৬/৯

৪) **নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন**

- কুষ্টিয়া সদর উপজেলায় মহাপরিকল্পনা প্রণয়ন, চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ এবং পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটনভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রনয়নের কাজ চলমান রয়েছে। এছাড়াও কম্প্রিহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্যান অব দি হোল কন্ট্রি প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ঢাকার বিদ্যমান ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) রিভিউ করত: আরো বাস্তবসম্মত, সময়োপযোগী করে ২০১৬-২০৩৫ মেয়াদি খসড়া ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে।

৫) **পিপিপি'র আওতায় উন্নয়ন প্রকল্প**

- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ফকিরাপুল হতে ঢাকা মাওয়া রোড (চুনকুটিয়া) পর্যন্ত ৮.১০ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক মিরপুর ৯ নম্বর সেকশনে ৫.০ একর জমিতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের সাশ্রয়ী মূল্যে ফ্ল্যাট বিক্রয়ের লক্ষ্যে পিপিপি পদ্ধতিতে স্যাটেলাইট টাউন নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়। গত ১৫-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও প্রাইভেট পার্টনার The Tropical Homes Ltd এর মধ্যে গত ৩০-১০-২০১৮ তারিখে PPP Contract Agreement স্বাক্ষরিত হয়। এছাড়া চট্টগ্রামের জিইসি মোড়ে বহুতল ভবন (বাণিজ্যিক, আবাসিক ও অফিস) নির্মাণের জন্য দরপ্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে এবং ঢাকাস্থ মিরপুর ৯নং থেকে ১১নং সেকশনে নিজস্ব ৮০.০০ একর জমির উপর ১০৭ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে G2G ভিত্তিতে পিপিপি পদ্ধতিতে "Mirpur Integrated Township Development(Phase-II)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য গত ১৯-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে নীতিগত অনুমোদন দেয়া হয়।
- রাজউক কর্তৃক পূর্বাচল নতুন শহর প্রকল্পে পানি সরবরাহ ব্যবস্থা বাস্তবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত প্রকল্পের নির্ধারিত জমিতে 'Construction of Highrise Apartment at Purbachal New Town Project' শীর্ষক প্রকল্পটি পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের লক্ষ্যে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নীতিগত অনুমোদন প্রদান করেছে। সংশ্লিষ্ট প্রাইভেট পার্টনার প্রতিষ্ঠানকে Letter of Acceptance (LOA) প্রদান করা হয়েছে।
- ঝিলমিল আবাসিক প্রকল্পে বহুতল আবাসিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ১৩,৭২০ টি ফ্ল্যাট নির্মাণের জন্য ডিজাইন ও ড্রইং এর কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

৬) **বিবিধ**

- এছাড়াও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক "তালাইমারী চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্কয়ার নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে।
- পরিবেশ বান্ধব, নিরাপদ ও ঝুঁকিমুক্ত ইমারত নির্মাণের লক্ষ্যে Bangladesh National Building Code সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।
- এইচবিআরআই পরিবেশবান্ধব ও ব্যয়সাশ্রয়ী হলোব্লক, কমপ্রেসড স্ট্যাবিলাইজড আর্থ ব্লক, থার্মাল ব্লক ইত্যাদি উদ্ভাবনের জন্য পরিবেশ পদক-২০১৮ লাভ করেছে।
- গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "নগর অঞ্চলের ভবন সুরক্ষা" শীর্ষক প্রকল্পের আওতায় ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর ১০তলা বিশিষ্ট প্রধান কার্যালয় ভবন নির্মাণের লক্ষ্যে দরপত্র আহবান করা হয়েছে। অন্যদিকে, ঢাকা শহরে অবস্থিত অপর ০৯টি ফায়ার সার্ভিস ভবন নির্মাণের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রধান করা হয়েছে।
- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক বাস্তবায়নাধীন' বিশ্বব্যাংকের আর্থিক সহায়তাপুষ্ট 'আরবান রিজিলিয়েন্স প্রকল্প:রাজউক অংশ' শীর্ষক প্রকল্পের আওতায় ০৬টি প্যাকেজে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে এবং কনসালটেন্ট কর্তৃক সারা DMDP এলাকাতে সয়েল টেস্টিংসহ বিদ্যমান ভবনসমূহের ঝুঁকি নিরুপন করা হচ্ছে।
- ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রণালয়ের আওতায় ১১ টি প্রকল্প সমাপ্ত হয়। তন্মধ্যে ০৬ টি জিওবি অর্থায়নে ও ০৫ টি স্ব-অর্থায়নে বাস্তবায়িত হয়। এর মধ্যে আবাসন, ফ্লাইওভার নির্মাণ, রাস্তা সম্প্রসারণ, গবেষণা কার্যক্রম ও সৌন্দর্যবধন প্রভৃতি সংক্রান্ত প্রকল্প রয়েছে।

৯.৩ ২০১৮-২০১৯ অর্থ বছরে মন্ত্রণালয়ের কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশংকা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণঃ পদ সৃষ্টি, শূণ্য পদ পূরণ ইত্যাদি): প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :

১০.১ ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ?

সন্তোষজনক ভাবে সাধিত হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

১৭.০ অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৮-২০১৯) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৮-২০১৯) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি:

উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (অংক ও কথায়) (২০১৮-২০১৯):

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার। | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| মোট প্রকল্প-১১৭ | এডিপি ৫৯৩২.০১ (আরএডিপি) | ৫৯৯৯.২৭ (১০১.১৩%) | ১২ টি |

অবকাঠামো উন্নয়ন ও অন্যান্য কার্যক্রমের আওতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরে জিওবি ও বৈদেশিক সাহায্য অর্থায়নে ৬২ টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। আলোচ্য প্রকল্পসমূহের বিপরীতে ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ৪৩৪৭.৩৪ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৪৩৩০.০৩ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ৯৯.৬০%। এছাড়া সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে ৫৫ টি প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রকল্পসমূহের বিপরীতে সংশ্লিষ্ট অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ১৫৮৪.৬৭ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ১৬৬৯.২৩ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ১০৫.৩৪%। জিওবি ও বৈদেশিক সাহায্যপুষ্ট এবং স্ব-অর্থায়নভুক্ত প্রকল্পসমূহ মিলিয়ে মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০১.১৩%। অবকাঠামো উন্নয়ন ও অন্যান্য কার্যক্রমের আওতাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হচ্ছে-

| | |
|---|---|
| (১ | ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ) |
| ২) | ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ৩টি ২০ তলা ভবনে ১১৪ টি ফ্ল্যাট নির্মাণ |
| ৩) | ঢাকাস্থ মিরপুর ৬ নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ৪) | ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ৫) | ঢাকার মালিবাগে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৫৬টি ফ্ল্যাট নির্মাণ |
| ৬) | মিরপুর ৬ নং সেকশনে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের জন্য ২৮৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ৭) | মাদারীপুরে সরকারি অফিসসমূহের জন্য বহুতল ভবন নির্মাণ |
| ৮) | জাতীয় সংসদ ভবনের পূর্ত কাজ, বৈদ্যুতিক ও যান্ত্রিক সিস্টেম এর উন্নয়ন |
| ৯) | নগরাঞ্চালের ভবন সুরক্ষা প্রকল্প |
| ১০) | ঢাকার আজিমপুরে জুডিসিয়াল কর্মকর্তাদের আবাসিক ভবন নির্মাণ |
| ১১) | ঢাকা শহরে গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যাক্ত বাড়িতে ৩৯৮টি সরকারি আবাসিক ফ্ল্যাট নির্মাণ। |
| ১২) | চট্টগ্রাম শহরে পরিত্যক্ত বাড়ীতে সরকারি আবাসিক ফ্ল্যাট ও ডরমিটরী ভবন নির্মাণ |
| ১৩) | ঢাকাস্থ জিগাতলায় সরকারি কর্মকর্তা কর্মচারিদের (গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর) জন্য ২৮৮টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ১৪) | আজিমপুর সরকারি কলোনির অভ্যন্তরে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়) |
| ১৫) | ঢাকার মোহাম্মদপুর হাউজিং এস্টেটের "এফ" ব্লকে ১০২০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ১৬) | ঢাকার মিরপুর ১৫নং সেকশনে সরকারী/ আধাসরকারী কর্মকর্তাদের জন্যে 'জয়নগর' ৫২০ টি আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্প। |
| ১৭) | সিলেটের সুনামগঞ্জে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। |
| ১৮) | কক্সবাজার সরকারি জমিতে আবাসিক ভবন নির্মাণ |
| ১৯) | খুলনা জেলার ফুলতলা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। |
| ২০) | চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় সোনাপাহাড় মৌজায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট (১৮৩ টি) উন্নয়ন প্রকল্প। |
| ২১) | ঢাকাস্থ লালমাটিয়া নিউ কলোনীতে সরকারি কর্মকর্তাদের জন্যে ১৩২টি (সংশোধিত ১৫৩) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। |
| ২২) | মিরপুরস্থ ৯ নং সেকশনে মধ্যম আয়ের লোকদের জন্য ১০৪০ টি আবাসিক ফ্ল্যাট (স্বপ্ননগর আবাসিক প্রকল্প) নির্মাণ প্রকল্প। |
| ২৩) | ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনী এলাকায় পুনর্বাসনের লক্ষ্যে ১২০ টি (সংশোধিত ১৩০ টি) আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ২৪) | চট্টগ্রামের রাউজান উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট (২য় পর্যায়)(পিংক সিটি-১) |
| ২৫) | রাজশাহী জেলার তেরখাদিয়ায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন |
| ২৬) | ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। |

| | |
|---|---|
| ২৭) | ঢাকার মিরপুর-১৬ সেকশনে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠাণের কর্মকর্তাদের নিকট বিক্রয়ের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ২৮) | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় দাদাভাই উপশহর কমার্শিয়াল ও আবাসিক জোন উন্নয়ন |
| ২৯) | ঢাকার মিরপুরস্থ সেকশন - ১১ এ বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক ৫৩৩ টি আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্প |
| ৩০) | গুলশান বনানী-বারিধারা লেক উন্নয়ন |
| ৩১) | উত্তরা লেক উন্নয়ন |
| ৩২) | বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প |
| ৩৩) | পূর্বাচল নতুন শহর (ইউসুফগঞ্জ) |
| ৩৪) | উত্তরা আদর্শ শহর (৩য় পর্ব) নির্মাণ |
| ৩৫) | ঢাকাস্থ উত্তরার ১৮ নং সেক্টরে নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য এপার্টমেন্ট ভবন নির্মাণ |
| ৩৬) | ঢাকার গুলশান, মোহাম্মদপুর, লালমাটিয়া ও ধানমন্ডি এলাকার ০৯ টি পরিত্যক্ত বাড়ীতে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্প। |
| ৩৭) | কুড়িল পূর্বাচল লিংক উভয়পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন, |
| ৩৮) | মাদানী এভিনিউ হতে বালু নদী পর্যন্ত (মেজর রোড ৫ক) সড়ক নির্মাণ (প্রথম পর্ব)। |
| ৩৯) | মুরাদপুর, ২নং গেইট এবং জিইসি মোড় জংশনে ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, |
| ৪০) | চট্টগ্রাম সিটি আউটার রিং রোড |
| ৪১) | এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর বহি:সীমানা দিয়ে লুপ রোড নির্মাণসহ ঢাকা ট্রাংক রোড হতে বায়েজিদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ |
| ৪২) | সিরাজউদ্দৌলা রোড হতে শাহ আমানত ব্রীজ পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ। |
| ৪৩) | কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ। |
| ৪৪) | চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নিমাণ |
| ৪৫) | চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন। |
| ৪৬) | আহসানাবাদ আবাসিক এলাকা উন্নয়ন |
| ৪৭) | কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ প্রকল্প |
| ৪৮) | তালাইমারী চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্কয়ার নির্মাণ |
| ৪৯) | পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকুলীয় অঞ্চলের পরিবেশ পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন |
| ৫০) | Verification survey with the private sector for Disseminating Japanese Technologies for Non-fired Solidification Brick Manufacturing process |

২৪/০৭/১৯

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব

# মন্ত্রণালয়/ বিভাগসমূহের বার্ষিক প্রাতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যাঃ ১২ টি

প্রতিবেদনাধীন বছরঃ ২০১৮-২০১৯

প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ২১ জুলাই ২০১৯

## প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| মন্ত্রণালয় | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ১৩১ | ৯৯ | ৩২ | - | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১২টি | | | | | |
| ১। গণপূর্ত অধিদপ্তর | ৭৮৯৫ | ৬৩৮৮ | ১৫০৭ | ২৭৭৭ | |
| ২। স্থাপত্য অধিদপ্তর | ২৭৭ | ২২৭ | ৫০ | ০০ | |
| ৩। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৯৮০ | ১১৯০ | ৭৯০ | ১০৮ | |
| ৪। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ৫২৯ | ৩০২ | ২২৭ | ১২ | |
| ৫। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ৫১৯ | ৩৪২ | ১৭৭ | - | |
| ৬। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ২৫৯ | ২১৭ | ৪২ | - | |
| ৭। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৫৮ | ৬৬ | ৯২ | - | |
| ৮। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ১৪০ | ০৭ | ১৩৩ | | |
| ৯। নগর উন্নয়ন অধিদপ্তর | ২৪৪ | ১৯২ | ৫২ | | |
| ১০। সরকারি আবাসন পরিদপ্তর | ৪৬৩ | ৩৭৫ | ৮৮ | | |
| ১১। এইচ,বি,আর,আই | ১৪৮ | ১১৬ | ৩২ | | |
| ১২। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | ৬২ | ৪২ | ২০ | | |
| মোট | ১২,৮০৫ | ৯,৫৬৩ | ৩,২৪২ | ২,৮৯৭ | |

ক.২ শূণ্য পদের বিন্যাসঃ

| মন্ত্রণালয় | যুগ্মসচিব/ তদূর্ধ পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি,এসপি) | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নেই | নেই | ০৩ | ১৩ | ১০ | ৬ | ৩২ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১২টি | | | | | | | |
| ১। গণপূর্ত অধিদপ্তর | - | ৩ | ১৯১ | ৩৪৩ | ৭৪৫ | ২২৫ | ১৫০৭ |
| ২। স্থাপত্য অধিদপ্তর | - | - | ১৩ | | ২৫ | ১২ | ৫০ |
| ৩। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৬৩ | ২২৬ | ২৪৩ | ১৫৮ | ৭৯০ |
| ৪। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | - | - | ১৯ | ১৯ | ১৫৬ | ৩১ | ২২৭ |
| ৫। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৩ | ৬ | ৫৬ | ১০২ | ১৭৭ |
| ৬। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৪ | ০৩ | ১২ | ১৩ | ৪২ |
| ৭। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৬ | ১২ | ৩৯ | ২৫ | ৯২ |
| ৮। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ৩৭ | ২৪ | ৭০ | ২ | ১৩৩ |
| ৯। নগর উন্নয়ন অধিদপ্তর | - | - | ২০ | - | ২৬ | ০৬ | ৫২ |
| ১০। সরকারি আবাসন পরিদপ্তর | - | - | ০৪ | - | ৫০ | ৩৪ | ৮৮ |
| ১১। এইচ,বি,আর,আই | - | - | ১৩ | ০৭ | ১০ | ০২ | ৩২ |
| ১২। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | - | - | - | ২ | ১৫ | ৩ | ২০ |
| মোট | - | ৩ | ৫০৬ | ৬৫৫ | ১,৪৫৭ | ৬১৯ | ৩,২৪২ |

৭.


মাননীয় মন্ত্রীবর্গ, সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ কর্মকর্তাদের
জন্য নির্মিত আবাসিক ভবনসহ ৭টি প্রকল্পের
শুভ উদ্বোধন
প্রধান অতিথি
শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থান : ইস্কাটন, ঢাকা
তারিখ : ১৫ জুলাই ২০১৯

## ১০. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(১) ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ০৩টি ২০তলা ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প, ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ১০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৭৩৬টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪১৬টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে সরকারি কর্মকর্তাদের জন্য ১৫৩টি ফ্ল্যাট নির্মাণ, ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে ০৭টি জরাজীর্ণ ভবনের স্থলে ১৩০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ এবং বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পে ক্ষতিগ্রস্ত ভবন মালিকদের পুনর্বাসন ও বিক্রয়ের লক্ষ্যে এপার্টমেন্ট নির্মাণ শীর্ষক প্রকল্প। মোট ০৭টি প্রকল্পের আওতায় ১,৬৭১টি ফ্ল্যাট ১৫ জুলাই ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন করা হয়।




চিত্র: মন্ত্রীবর্গ, সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ কর্মকর্তাদের জন্য নির্মিত আবাসিক ভবনসহ ৭টি প্রকল্পের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী।

(২) এ ছাড়া গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় সরকারি আবাসন সংক্রান্ত চলমান ১৬টি প্রকল্পের আওতায় ৬,৩৫০টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলমান রয়েছে এবং অনুমোদনের জন্য প্রক্রিয়া/পরিকল্পনাধীন আরও ১৩টি প্রকল্পের আওতায় ১০,৬৭৪টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রাখা হয়।

(৩) সরকারি আবাসন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দীর্ঘদিন অব্যবহৃত ও অবৈধ দখলে থাকা সরকারি পরিত্যক্ত সম্পত্তিকে অগ্রাধিকার দেওয়া হয়। ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরীর গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরসহ বিভিন্ন এলাকার ২০টি পরিত্যক্ত বাড়ীতে ০১টি প্রকল্পের আওতায় ৩৯৮টি ফ্ল্যাট এবং চট্টগ্রাম মহানগরীতে ০২টি প্রকল্পের আওতায় মোট ৫১টি পরিত্যক্ত বাড়ীতে মোট ১,৮২৪টি ফ্ল্যাট ও ৬৪টি ডরমেটরি নির্মাণকাজ চলমান রয়েছে। ঢাকা মহানগরীর পরিত্যক্ত বাড়ীতে এ মন্ত্রণালয়ের আওতাধীন স্বায়ত্বশাসিত সংস্থা রাজউক ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ০২টি প্রকল্পের আওতায় মোট ১৫টি পরিত্যক্ত বাড়ী অধিগ্রহণপূর্বক ৩১৭টি-ফ্ল্যাট নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়, যার মধ্যে বিক্রয়যোগ্য ফ্ল্যাট ২৫৫টি এবং সরকারি আবাসনের জন্য ৬২টি ফ্ল্যাটের সংস্থান রয়েছে। অন্যদিকে, দেশের ৬৪টি জেলা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মোট ২৮১৬টি ডরমেটরি কক্ষ নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হয়।

(৪) স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বের ১৮ নম্বর সেক্টরে এপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১৪.৪৪ একর জমিতে 'এ' ব্লকে ৬,৬৩৬টি ফ্ল্যাট নির্মাণকাজ সমাপ্ত হয় এবং ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ০১ নভেম্বর ২০১৮ তারিখে শুভ উদ্বোধন করা হয়।



চিত্র: উত্তরা এপার্টমেন্ট

(৫) ঢাকা মহানগরীতে অস্বাস্থ্যকর ও ঝুঁকিপূর্ণ পরিবেশে বস্তিতে বসবাসকারী ভাসমান ও ছিন্নমূল মানুষের জন্য স্বাস্থ্যকর আবাসনের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে ভাড়া ভিত্তিক (দৈনিক/মাসিক) 'মিরপুরস্থ সেকশন-১১ এ বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক ৫৩৩টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ' শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং আরও ২টি প্রকল্পের আওতায় ১০,৫৩০টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(৬) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বারনই আবাসিক এলাকা উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ২০৬টি প্লট উন্নয়নের কাজ সমাপ্ত হয়।


(৭) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক 'মুরাদপুর, ২নং গেইট ও জিইসি জংশনে ফ্লাইওভার নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় ৬.২ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভারের নির্মাণকাজ সমাপ্ত হয়। ১৫.২০ কিলোমিটার দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড ও ৬.০০ কিলোমিটার দীর্ঘ লুপ রোড নির্মাণকাজ চলমান রয়েছে।

(৮) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসনে লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত ১৬.৫০ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণকাজ চলমান রয়েছে।

(৯) খুলনা শিপইয়ার্ড রাস্তা প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

(১০) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের আওতায় ২.২৫ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ কাজ সমাপ্ত হয়। নাটোর রোড (রুয়েট) থেকে বাইপাস রোড পর্যন্ত রাস্তা নির্মাণ প্রকল্পের আওতায় ০৪ লেন বিশিষ্ট ৫.০০ কিলোমিটার রাস্তার প্রশস্তকরণ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।

(১১) কুড়িল-পূর্বাচল লিংকরোডের উভয় পার্শ্বে কুড়িল থেকে বালুনদী পর্যন্ত ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিকুঞ্জ, বারিধারা, জোয়ারসাহারা, ডিওএইচএস, সেনানিবাস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কালাচাঁদপুর ও সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনসহ ঢাকা মহানগরীর Water body and Land ratio ঠিক রেখে পানি সংরক্ষণ ও গ্রাউন্ডওয়াটার রিচার্জিং ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে ১৩.২ কিলোমিটার লেক খনন প্রায় সম্পন্ন। ০.৭৪৮ কিলোমিটার নিকুঞ্জ লেক খনন



উত্তরা এপার্টমেন্ট প্রকল্প